

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২০/১০৬-মুসক।- মূল্য সংযোজন কর ও
সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর
সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎপাদিত বা আমদানিকৃত
তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার
পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ৪ এর উপ-বিধি (১) এর দফা (খ) তে উল্লিখিত “, “হালকা নীল””
চিহ্নগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর “টেবিল” এর পরিবর্তে নিম্নরূপ “টেবিল”
প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

ক্রমিক নং	খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	৩৯ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
২।	৬৩ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৩।	৯৭ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
৪।	১২৮ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

”;

(৩) বিধি ১১ এর-

- (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “৫১” সংখ্যার পর “, ৫২” চিহ্ন ও সংখ্যা সন্নিবেশিত হইবে;
- (খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ -বিধি (৬) সংযোজিত হইবে, যথা:-

“(৬) সংশ্লিষ্ট কমিশনারেট, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন অব বাংলাদেশ এবং সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সম্মুখে গঠিত কমিটি প্রতি ৩ (তিন) মাস অন্তর প্রতিষ্ঠানভিত্তিক সিগারেটের স্ট্যাম্প ও ব্যান্ডরোল সরবরাহ ও ব্যবহার আড়াআড়ি যাচাইপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের মুসক বাস্তবায়ন শাখায় প্রেরণ করিবে।”;

(৪) বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “ফ্রেতার” শব্দের পরিবর্তে “ফ্রেতার, ডিপোর বা ওয়্যারহাউজের” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (মুসক নীতি)